

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.১৬.০০০১.২৫.৩০১

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
৬ মে ২০২৬

বিষয়: আইরিশ নাগরিকদের জন্য VOA প্রদান প্রক্রিয়া ও ভিসা ফি সংক্রান্ত তথ্য প্রেরণ।

সূত্র: (১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং-২৬১, তারিখ: ০৭/০৪/২০২৬

(২) বাংলাদেশ দূতাবাস বেইজিং এর স্মারক নং-১৯.০১.৮৬০১.৪০১.৭৯.০০৮.১৮.৩৯, তারিখ: ০২.০৪.২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইরিশ নাগরিকদের জন্য সিঙ্গেল এন্ট্রি/রিএন্ট্রি/মালটিপল এন্ট্রি ভিসা ফি Visa on Arrival (VOA) ফি এ সমপরিমাণ নির্ধারণ করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ২০১৩ সালে জারিকৃত ভিসা ফি সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী VOA ফি (বর্তমানে ৫০ মার্কিন ডলার বা সমপরিমাণ টাকা) গ্রহণপূর্বক ভিসা প্রদান কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। উল্লেখ্য, MRV প্রকল্প চালু হয় ২০১০ সালে। সে সময় ভিসা ফি সংক্রান্ত সুনির্দিষ্ট তালিকা ছিল না। ফলে বেশ কিছু দেশের ভিসা ফি MRV সিস্টেমে শূন্য (০) হিসেবে উল্লেখ ছিল। পরবর্তীতে ২০১৩ সালে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ভিসা ফি পুনঃনির্ধারণ করে নির্দেশনা জারি করা হয়। সেখানে বেশ কিছু দেশের ক্ষেত্রে ভিসা ফি হিসেবে Visa on Arrival (VOA) উল্লেখ করা হয়েছে। সে মোতাবেক এ সকল দেশের ক্ষেত্রে ভিসা ফি হিসেবে Visa on Arrival (VOA) এর সমপরিমাণ ফি গ্রহণ করা হয়।

০২। ইহা অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭-০৫-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

দ্বিতীয় সচিব

বাংলাদেশ দূতাবাস, বেইজিং।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.১৬.০০০১.২৫.৩০১/১ (২)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
৬ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



A handwritten signature in black ink, appearing to be 'Arifur Rahman', written over a horizontal line.

০৭-০৫-২০২৬

কাজী আরিফুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)